ঝিনাইদহে অমিতাভ সাহা হত্যা মামলার আসামি গ্রেফতার

ঝিনাইদহের আলোচিত অমিতাভ সাহা হত্যা মামলার এজাহার নামীয় প্রধান আসামী রাজলু হোসেন ওরফে রাজুকে গ্রেফতার করেছে পুলিশ।

গতকাল রবিবার মেহেরপুর জেলার ভারতীয় সীমান্ত থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত রাজলু সদর উপজেলার হাটগোপালপুর এলাকার মুনাব্বর হোসেনের ছেলে।

এ নিয়ে সংবাদ সম্মেলনের আয়োজন করেন ঝিনাইদহের ভারপ্রাপ্ত পুলিশ সুপার ইমরান জাকারিয়া।

সংবাদ সম্মেলনে তিনি বলেন, গত ৩ সেপ্টেম্বর শহরের ধোপাঘাটা ব্রীজ এলাকা থেকে অমিতাভ সাহা নামের এক যুবককের অর্ধগলিত বস্তাবন্দি মরদেহ উদ্ধার করা হয়। এ ঘটনায় নিহতের স্ত্রী দাবীকৃত তিশা নন্দী বাদী হয়ে রাজলু হোসেন ওরফে রাজুকে প্রধান আসামী করে সদর থানায় একটি হত্যা মামলা দায়ের করেন। এ হত্যাকাণ্ড নিয়ে গণমাধ্যমে সংবাদ প্রচার হলে দেশজুড়ে ব্যাপক আলোচনা সমালোচনা শুরু হয়। এরই প্রেক্ষিতে পুলিশের একাধিক টিম হত্যাকাণ্ডের রহস্য উদঘাটন ও আসামীদের ধরতে অভিযান শুরু করে। গতকাল রাতে মেহেরপুরের ভারতীয় সীমান্ত থেকে আসামী রাজুকে গ্রেফতার করা হয়। তবে মামলার অধিকতর তদন্তের স্বার্থে হত্যাকাণ্ডের রহস্য এখনি বলা যাচ্ছে না।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন ঝিনাইদহের অতিরিক্ত পুলিশ সুপার মীর আবিদুর রহমান, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মোহাম্মদ সোহেল রানা, জেলা গোয়েন্দা পুলিশের ওসি শাহীন উদ্দিনসহ জেলা পুলিশের বিভিন্ন ইউনিটের কর্মকর্তাবৃন্দ।

হরিণাকুন্ডুতে শিক্ষার্থী ও

অভিভাবকদের সাথে প্রতারণার প্রতিবাদে মানববন্ধন

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে এইচএসসি পাশ অফিস সহকারী দিয়ে একটি মাধ্যমিক বিদ্যালয়ে পাঠদান করানোর অভিযোগ পাওয়া গেছে। উপজেলার রিশখালী মাধ্যমিক বিদ্যালয়ের অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর উজ্জল হোসেনের বিরুদ্ধে এমন অভিযোগ করেছেন শিক্ষার্থী ও অভিভাবকরা।

আজ রোববার সকালে ওই বিদ্যালয়ের সামনে সড়কের ওপর ঘন্টাব্যাপী এক মানববন্ধনে এই অভিযোগ করেন তারা। এ সময় জাল সনদে ও নীতিমালা বহির্ভুতভাবে কয়েকজন শিক্ষকের বিরুদ্ধে চাকরি করার অভিযোগ এনে তাদের অপসারণ ও ম্যানেজিং কমিটি নির্বাচনের নামে টিআর সদস্যদের বিরুদ্ধে প্রতারণা ও ঘুষ বানিজ্যের অভিযোগও করা হয়। মানববন্ধনে ব্যানার ফেস্টুন নিয়ে ওই বিদ্যালয়ের অভিভাবক, শিক্ষার্থী, জনপ্রতিনিধিসহ নানা শ্রেণি ও পেশার মানুষ অংশ নেয়।

জাকিয়া সুলতানা নামে নবম শ্রেণির এক শিক্ষার্থী অভিযোগ করেন, তাদের বিদ্যালয়ের কয়েকজন শিক্ষক নিয়মিত ক্লাসে পাঠদান করান না। কেরানি দিয়ে তাদের পাঠদান করানো হয়। এতে তাদের পড়ালেখার ক্ষতি হচ্ছে।

জাফর ইকবাল নামে এক অভিভাবক দাবি করেন, প্রতিষ্ঠানটির ৩জন শিক্ষক স্থানীয় সামাজিক রাজনীতিতে জড়িয়ে পড়েছেন। তাদের মধ্যে আবুল কালাম আজাদ ও মরিয়ম নেসা নামে ২জনের নিয়োগ অবৈধ। তারা নীতিমালা বহির্ভুত ও জাল সনদে বছরের পর বছর ধরে অবৈধভাবে শিক্ষকতা করছেন।

শহিদুল ইসলাম নামে আরও এক অভিভাবক দাবি করেন, আবুল হাসান, আবুল কালাম আজাদ ও মরিয়ন নেসা নামে তিন শিক্ষক বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির শিক্ষক প্রতিনিধি। গত ২ সেপ্টেম্বর বিদ্যালয়ের অভিভাবক প্রতিনিধি নির্বাচন হয়। নির্বাচনে অভিভাবকদের ভোটে সংখ্যাগরিষ্ঠ প্যানেলকে সমর্থন না দিয়ে অবৈধভাবে অর্থনৈতিক লেনদেনের মাধ্যমে তারা ভোটদানে বিরত থাকেন। এর আগেও একই কারনে ম্যানেজিং কমিটি গঠন করা সম্ভব হয়নি। ফলে নিয়মিত ম্যানেজিং কমিটি না থাকার কারনে বিদ্যালয়ের উন্নয়ন ব্যাহত হচ্ছে।

ইউপি চেয়ারম্যান আবুল কালাম আজাদ দাবি করেন, বিদ্যালয়টিতে দীর্ঘ

বছর ধরে ৩জন শিক্ষক চাকরি করছেন। তাদের দুইজন জাল সনদে এবং একজন নীতিমালা বহির্ভুতভাবে নিয়োগ পেয়েছেন। এছাড়া উজ্জল হোসেন নামে একজন অফিস সহকারীও জাল সনদে চাকরি করছেন। তিনি অফিস সহকারী হয়েও ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির ক্লাস নেন।

এ বিষয়ে অফিস সহকারী উজ্জল হোসেন ক্লাস নেওয়ার কথা স্বীকার করে বলেন, প্রধান শিক্ষকের নির্দেশে আমি নিয়মিত ৬ষ্ঠ শ্রেণির বিজ্ঞান ও ৭ম শ্রেণির গণিতের ক্লাস নিই। সহকারী শিক্ষক ও টিআর প্রতিনিধি আবুল কালাম আজাদ নীতিমালা বহির্ভুতভাবে চাকরি করার অভিযোগ অস্বীকার করে বলেন, তিনি বৈধভাবে দীর্ঘ ২৩ বছর ধরে চাকরি করছেন। আর অর্থনৈতিক লেনদেনের মাধ্যমে কমিটি গঠনে প্রতিবন্ধকতা সৃষ্টির অভিযোগও সঠিক নয়।

প্রধান শিক্ষক জীবন কুমার দে বলেন, যখন ওই শিক্ষকদের নিয়োগ হয় তখন আমি প্রধান শিক্ষক ছিলাম না। তাই তাদের নিয়োগ বৈধ কিনা আমি সেটা বলতে পারছি না। তবে মাঝে মাঝে কয়েকজন শিক্ষক উপস্থিত না হলে কেরানি দিয়ে পাঠদান করানো হয়।

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আব্দুল বারী বলেন, এ বিষয়ে লিখিত অভিযোগ পেলে তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

চার দফা দাবী আদায়ে ঝিনাইদহে ম্যাটস শিক্ষার্থীদের সংবাদ সম্মেলন

চার দফা দাবিতে ঝিনাইদহে সংবাদ সম্মেলন করেছে মেডিকেল অ্যাসিস্ট্যান্ট ট্রেনিং স্কুলের (ম্যাটস) শিক্ষার্থীরা।

আজ রোববার দুপুরে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে এ এই মানববন্ধন কর্মসূচির আয়োজন করা হয়।

সেসময় শিক্ষার্থীরা, ইন্টার্নশিপ বহালসহ অসংগতিপূর্ণ কোর্স কারিকুলাম সংশোধন, অ্যালাইড হেলথ বোর্ড বাতিল করে অবিলম্বে

মেডিকেল এডুকেশন বোর্ড অব বাংলাদেশ নামে স্বতন্ত্র বোর্ড গঠন, কর্মসংস্থান সৃজন এবং দ্রুত নিয়োগ প্রদান ও বঙ্গবন্ধুর প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা অনুযায়ী উচ্চশিক্ষা প্রদানের দাবী জানান।

শিক্ষার্থীরা জানান, যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশে স্বাস্থ্যব্যবস্থা বিনির্মাণ এবং তৃণমূল পর্যায়ে স্বাস্থ্যব্যবস্থা পৌঁছে দেওয়ার লক্ষ্যে গ্র্যাজুয়েট চিকিৎসকের সংকট নিরসনের জন্য জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মধ্যম মানের চিকিৎসক তৈরির লক্ষে এ ডিপ্লোমা মেডিকেল অ্যাসিস্ট্যান্ট নামের একটি ক্যাডারের সৃষ্টি করেছিলেন। ১৯৭৩ থেকে ১৯৭৮ মেয়াদে প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনায় মেডিকেল অ্যাসিস্ট্যান্টদের উচ্চশিক্ষা, পদায়ন ও পদোন্নতির কথা উল্লেখ রয়েছে। ১৯৭৮ সাল থেকে এই কোর্সটি বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ নিয়ন্ত্রণ করে আসছে এবং কোর্স শেষে ডিএমএফ ডিগ্রি প্রদান করে রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ।

সংবাদ সম্মেলনে ম্যাটস শিক্ষার্থী খাইরুল ইসলাম সরদার, শাহরিয়ার পরশ, আহসান হাবিব, সাদিকা নওরীনসহ অন্যান্যরা অংশ নেয়।

ঝিনাইদহে ২ হাজার দুস্থ-অসহায়দের বিনামুল্যে স্বাস্থ্যসেবা প্রদাণ

ঝিনাইদহে ২ হাজার দুস্থ অসহায় মানুষদের বিনামুল্যে স্বাস্থ্য সেবা প্রদাণ করা হয়েছে। সেই সাথে দেওয়া হয়েছে বিভিন্ন প্রকার ঔষধ।

শনিবার সকালে পাগলাকানাই ইউনিয়ন পরিষদের আয়োজনে ইউনিয়ন পরিষদ চত্বরে বিনামুল্যে স্বাস্থ্যসেবা ক্যাম্পের উদ্বোধন করেন চেয়ারম্যান আবু সাঈদ বিশ্বাস । সেসময় বিএমএ’র সভাপতি ডাঃ মুন্সি মোঃ রেজা সেকেন্দার, রাবেয়া হাসপাতালের ব্যবস্থাপনা পরিচালক সোহেল রানাসহ ইউনিয়ন পরিষদের সদস্যরা উপস্থিত ছিলেন।

রাবেয়া হাসপাতালের সহযোগিতায় এ মেডিকেল ক্যাম্পে মেডিসিন বক্ষ্যব্যাধি, মা ও শিশু রোগ, শিশু বিশেষজ্ঞ, চর্ম ও যৌন রোগ বিশেষজ্ঞ, গাইনী ও সার্জারী বিশেষজ্ঞ ৭ জন চিকিৎসক স্বাস্থ্য সেবা প্রদাণ করেন। সকাল ৯ টা থেকে শুরু হয়ে বিকাল ৫ টা পর্যন্ত চলা এ মেডিকেল ক্যাম্পে পাগলাকানাই ইউনিয়নের বিভিন্ন গ্রামের ২ হাজার মানুষ স্বাস্থ্যসেবা গ্রহণ করেন। পরামর্শ ছাড়াও বিনামুল্যে ডায়াবেটিস, উচ্চরক্তচাপ, ইজিসি পরীক্ষা শেষে ঔষধ বিতরণ করা হয়।

ঝিনাইদহে গৃহকর্মীকে ধর্ষণে অভিযুক্ত গ্রেফতার

ঝিনাইদহের কালীগঞ্জে বাড়ির গৃহকর্মী ধর্ষণের ঘটনায় অভিযুক্ত মশিয়ার মাতব্বর নামের একজনকে গ্রেফতার করেছে পুলিশ।

শুক্রবার (৮ সেপ্টেম্বর) ভোরে হরিণাকুন্ড উপজেলার কাচারি বিন্নি এলাকার জিন্দার মোড় থেকে মশিয়ারকে গ্রেফতার করা হয়।

এ ঘটনায় ভুক্তভোগীর ছেলে বাদী হয়ে কালীগঞ্জ থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইনে একটি মামলা দায়ের করেন। বর্তমানে ভুক্তভোগী হাসপাতালে ভর্তি আছেন।

অভিযুক্ত মশিয়ার মাতব্বর কাঁকলাশ গ্রামের সাদেক আলী মাতব্বরের ছেলে।

কালীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহাবুবুরর রহমান জানান, গত ৩ সেপ্টেম্বর উপজেলার কাঁকলাশ গ্রামের মসিয়ার মাতব্বরের বাড়িতে দুপুরে কাজ করতে যায় ওই নারী। এসময় বাড়িতে কেউ না থাকায় তাকে জোরপূর্বক ধর্ষণ করে। এরপর বিষয়টি জানাজানি হলে আত্মগোপনে চলে যায় মশিয়ার। পরে অসুস্থ অবস্থায় ভুক্তভোগীকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

[redacted]

[redacted]

ঝিনাইদহ সদর উপজেলা চেয়ারম্যান অ্যাড. আব্দুর রশিদ আর নেই

ঝিনাইদহ সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান, উপজেলা আওয়ামী লীগের সভাপতি অ্যাড. আব্দুর রশিদ ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

বৃহস্পতিবার রাত ৩টার দিকে ঢাকায় আনোয়ার খান মর্ডান মেডিকেল কলেজ এন্ড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ তিনি।

অ্যাড. আব্দুর রশিদ কৃষকলীগের কেন্দ্রীয় কমিটির উপদেষ্টা মন্ডলির সদস্য, মরমী কবি পাগলাকানাই একাডেমির প্রতিষ্ঠাতা সভাপতি এবং নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল ঝিনাইদহের সাবেক পিপি ছিলেন। গত ২২আগস্ট থেকে বুকে ব্যাথা এবং শাস কষ্ট নিয়ে হাসপাতলে ভর্তি হয়েছিলেন।

ঝিনাইদহ সদর উপজেলার পাগলাকানাই ইউনিয়নের বেড়বাড়ি গ্রামে সম্ভ্রান্ত মুসলিম পরিবারে তিনি জন্ম গ্রহন করেন, পিতার নাম মৃত আহম্মদ আলী বিশ্বাস। মৃতকালে তিনি স্ত্রী, একপুত্র এবং তিন কন্যা সন্তানসহ অসংখ্য ভক্ত, অনুসারী ও গুনগ্রাহী রেখে গেছেন।

তাঁর মৃত্যুতে ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই এমপি, সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, ঝিন্ইাদহ-২ এর সংসদ সদস্য তাহজিব আলম সিদ্দিকী সমি এমপি, ঝিনাইদহ আদালতের আইনজীবী সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, ঝিনাইদহ সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম হিরণ চেয়ারম্যান, সদর উপজেলা নির্বাহী অফিসার সাদিয়া জেরিন, উপজেলা পরিষদ, জেলা জাসদের সভাপতি সাধারণ সম্পাদক, জেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল ও ঝিনাইদহ প্রেসক্লাবের পক্ষ থেকে শোক জানানো হয়েছে।

এছাড়াও তিনি আব্দুর রউফ ডিগ্রি কলেজ, ফজর আলী গালর্স স্কুল এন্ড কলেজ, বেড়বাড়ি মাধ্যমিক বিদ্যালয়, বাড়িবাথান দাখিল মাদ্রাসা, জিয়ানগর মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি থাকার কারণে এসব প্রতিষ্ঠানসহ বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের পক্ষ থেকে শোক ও শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করা হয়েছে।

বিকাল বৃহস্পতিবার বিকাল ৪টায় ঝিনাইদহ উজির আলী হাইস্কুল এন্ড কলেজ মাঠের ঈদগাহ ময়দানে মরহুমের জানাজার অনুষ্ঠিত হবে।

ঝিনাইদহে লোকনাথ বাবার আবির্ভাব দিবস উদযাপন

ঝিনাইদহে শ্রী শ্রী লোকনাথ ব্রহ্মচারী বাবার ২৯৩ তম আবির্ভাব দিবস উদযাপন করেছে শ্রী শ্রী লোকনাথ ব্রহ্মচারী সেবক সংঘ, পুরাতন হাঠ খোলা ঝিনাইদাহ জেলা শাখা।

দিবসটি উপলক্ষে মঙ্গলবার (৫ সেপ্টেম্বর) সকাল ১১ টার দিকে মন্দির প্রাঙ্গণ থেকে এক বর্ণাঢ্য শোভাযাত্রা ও মাঙ্গলিক পূজার আয়োজন করা হয়। বাবার পূজা দিতে শত শত ভক্ত লোকনাথ মন্দিরে সমাগম হয়। বাবার মাঙ্গলিক পূজা শেষে ভক্তদের মাঝে প্রসাদ বিতরণ করা হয়।

মন্দিরের সভাপতি রনি সাহা জানান, প্রতিবছরে এখানে আমরা লোকনাথ পুজো করে থাকি শত শত ভক্তের এখানে আগমন হয়। এবার আমরা সন্ধ্যা ছয়টার দিকে নীলা কীর্তন আয়োজন করেছি। নীলা কীর্তন শেষে ভক্তদের মাঝে প্রসাদ বিতরণ করা হবে।

ঝিনাইদহে আ.লীগের দুই পক্ষের সংঘর্ষে আহত ১০

ঝিনাইদহের কালীগঞ্জে আধিপত্য বিস্তারকে কেন্দ্র আওয়ামী লীগের দুই পক্ষের সংঘর্ষে অন্তত ১০ জন আহত হয়েছেন। সোমবার (৪ সেপ্টেম্বর) সকালে উপজেলার রামচন্দ্রপুর বাজারে এ ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, দীর্ঘদিন ধরে ওই গ্রামের আওয়ামী লীগ নেতা আহম্মদ আলী ও ইউপি সদস্য চান্নুর সমর্থকদের মধ্যে এলাকায় আধিপত্য বিস্তার নিয়ে বিরোধ চলে আসছিল। সোমবার সকালে আলী আহম্মদের দুই সমর্থককে মারধর করে ইউপি সদস্য চান্নুর লোকজন। এরপর বিষয়টি জানাজানি হলে চান্নু মেম্বরের লোকজনকে প্রতিহত করতে আসে প্রতিপক্ষরা। একপর্যায়ে দুই গ্রুপের লোকজন সংঘর্ষে জড়িয়ে পড়ে। সংঘর্ষে উভয় গ্রুপের আহত হন অন্তত ১০ জন। এ সময় স্থানীয়রা তাদের উদ্ধার করে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি নিয়ে যায়।

কালীগঞ্জ থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহবুবুর রহমান বলেন, দুই দলের বিরোধে সংঘর্ষে কয়েকজন আহত হয়েছে। সংবাদ শুনেই সেখানে পুলিশ পাঠিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা হয়েছে। বর্তমানে এলাকার পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।

হরিণাকুণ্ডে বিদ্যুৎস্পৃষ্টে কৃষকের মৃত্যু

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার রায়পাড়া ভাতুড়িয়া গ্রামে হাবিবুর রহমান ভেজু (৫৬) নামে এক কৃষক বিদ্যুৎস্পৃষ্টে নিহত হয়েছে। সে ওই গ্রামের মৃত ইউসুফ আলী খাঁর ছেলে।

স্থানীয়রা জানান, সোমবার সকাল সাড়ে ১০টার দিকে গ্রামের মাঠে বৈদ্যুতিক মোটর দিয়ে ধানের জমিতে পানিসেচ দিতে গিয়ে সুইস দেওয়ার সাথে সাথে মোটরের টিউবয়েল বিদ্যুতায়িত হয়ে তার হাত স্পর্শ করে এবং ওখানেই তাকে ফেলে দেয়। পরে আশপাশের লোকজন ছুটে এসে দ্রুত তাকে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে এলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত্যু ঘোষণা করেন।

হরিণাকুণ্ডু থানার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (ওসি তদন্ত) আবুল খায়ের বলেন, শুনেছি রায়পাড়া ভাতুড়িয়া গ্রামের হাবিবুর রহমান নামে একজন ব্যক্তি বিদ্যুৎস্পৃষ্টে মারা গেছে। ঝিনাইদহ সদর হাসাপাতালে তার মৃত্যু হয়েছে, এখনো আমাদের কাছে অভিযোগ বা বিস্তারিত কোন

□□□□ □□□□□□